

M.A. 2nd Semester Examination, 2021

বাংলা

Course Title: উনিশ শতকের বাংলা নাটক

Course Code: 202C

Course ID: 20152

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও

ক) রামনারায়ণ তর্করত্নের 'কুলীন কুলসর্বস্ব' নাটকের সংলাপ রচনারীতির পরিচয় দাও।

১০

অথবা

'একেই কি বলে সভ্যতা?' কে প্রহসন বলার স্বপক্ষে তোমার সুচিন্তিত মতামত লেখো ।

খ) "নীলদর্পণের উপসংহারে মৃত্যুর ঘনঘটা নাটকটির ট্রাজেডিকে তরল ও অবাস্তব করে দিয়েছে।" মন্তব্যটি বিশ্লেষণ করে তোমার অভিমত লেখো ।

১০

অথবা

নবীন মাধবকে 'নীলদর্পণ' নাটকের নায়ক বলা সঙ্গত কিনা যুক্তিসহ আলোচনা করো ।

গ) ভক্তিমূলক নাটক হিসেবে 'জনা'র সার্থকতা আলোচনা করো ।

১০

অথবা

জনার মাতৃত্বই তাঁর ট্রাজেডির মূল কারণ—জনা চরিত্র বিশ্লেষণ করে মন্তব্যটির যথার্থ্য প্রতিপাদন করো ।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

৫ x ২ = ১০

ক) 'কুলীন কুলসর্বস্ব' নাটকটির গঠনরীতি সংক্ষেপে আলোচনা করো ।

খ) 'একেই কি বলে সভ্যতা?'য় প্রতিফলিত যুগদ্বন্দ্বের স্বরূপ সংক্ষেপে লেখো ।

গ) 'নীলদর্পণ' নাটকের অভিনবত্বের দিকগুলি বুঝিয়ে দাও।

ঘ) 'জনা' নাটকের ১/১ গর্ভাঙ্কে চার জনের বর প্রার্থনা কীভাবে নাটককে প্রভাবিত করেছে, বুঝিয়ে দাও।